

যুবলীগ কর্তৃক বঙ্গবন্ধুর 'অসমাঞ্চ আত্মজীবনী' বাংলাদেশ হাই কমিশনে প্রদান

গত ৪ সেপ্টেম্বর ২০১২ একটি অনারম্ভ অনুষ্ঠানে ক্যানবেরাস্ত বাংলাদেশ হাই কমিশনের 'বীর প্রতীক ওডারল্যান্ড লাইব্রেরী'র জন্য বঙ্গবন্ধুর আত্মজীবনী 'অসমাঞ্চ আত্মজীবনী'র দুটি খন্দ হস্তান্তর করেন বাংলাদেশ আওয়ামী যুবলীগ, অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক মোঃ আব্দুলম্মাহ আল নোমান। বই দুটি গ্রহণ করেন বীর মুক্তিযোদ্ধা মান্যবর রাষ্ট্রদ্বৃত লে. জে. (অব.) মাসুদ উদ্দিন চৌধুরী। জনাব চৌধুরী বই দুটি প্রদানের জন্য যুবলীগ নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন বাংলাদেশ কম্যুনিটির অন্যতম নেতা সর্বজনাব কামরমল ইসলাম খান। জনাব কামরমল ইসলাম এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। এছাড়া উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগ নেতা শ্যামল কুমার রায়। তিনি বলেন, প্রবাসী নতুন প্রজন্মের জন্য এই আত্মজীবনী আলোর দিশারী হিসেবে পথ দেখাবে। সেই সময় মহাজোটের অন্যতম শরীক জাতীয় পার্টির কেন্দ্রীয় সহ-সভাপতি এড. মুজিবুর রহমানসহ দৃতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

